

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২১২
আগরতলা, ২৬ মার্চ, ২০২৫

বিধানসভা সংবাদ

রাজ্যের আরও ৭টি জায়গায় গ্যাস সিলিন্ডার সরবরাহ করার
এজেন্সি চালু করার উদ্যোগ নেওয়া হয়েছে : খাদ্যমন্ত্রী

রাজ্যে বর্তমানে রান্নার গ্যাস সিলিন্ডার সরবরাহ করার জন্য ৮৬টি এজেন্সি চালু রয়েছে। এরমধ্যে ৮১টি আই.ও.সি.এল., ৩টি এইচ.পি.সি.এল. এবং দুটি প্রাইভেট সংস্থার অধীনে রয়েছে। আজ রাজ্য বিধানসভায় বিধায়ক নির্মল বিশ্বাসের এক প্রশ্নের লিখিত উত্তরে খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী এ তথ্য জানিয়েছেন। তিনি জানান, বর্তমানে আই.ও.সি.এল. কর্তৃপক্ষ নতুনভাবে রাজ্যে আরও ৭টি জায়গায় এজেন্সি চালু করার উদ্যোগ নিয়েছে।
